

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭৮-আইন/২০২২/১৯১-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫১-আইন/২০২১/১৪৮-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) ক্রমিক নং (১৩) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (১৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১৩) কৃষি মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক H.S Code 3808.91.10, 3808.92.10 এবং 3808.93.10 এর বিপরীতে কৃষিকার্যে ব্যবহার্য কীটনাশক, ছত্রাকনাশক ও আগাছানাশক এবং উক্ত নিবন্ধিত উৎপাদনকারী কর্তৃক উহা উৎপাদনে ব্যবহৃত উপকরণ Castor Oil Polyglycol 36-37 (H.S Code 1515.30.00), Solvesso 150 (APAC) (H.S Code 2707.50.90), Genapol 100 (H.S Code 2909.49.00), Propoconazole Technical 220 KG 22D (H.S Code 2934.99.90), Dodecylbzoic Acid Branched CA-S Sol (H.S Code 3402.11.90);”;

(খ) ক্রমিক নং (৩৫) এর শেষাংশে উল্লিখিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে;

(গ) ক্রমিক নং (৩৬) এর শেষাংশে উল্লিখিত “।” চিহ্নের পরিবর্তে “;” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ ক্রমিক নং (৩৭), (৩৮), (৩৯) ও (৪০) সংযোজিত হইবে, যথা:-

“(৩৭) নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক Textile Grade Pet Chips উৎপাদনের লক্ষ্য উপকরণ হিসেবে আমদানিকৃত Terephthalic Acid (H.S. Code 2917.36.10) ও Ethylene Glycol (H.S. Code 2905.31.10);

(৩৮) ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৩-আইন/২০২২/৯১/কাস্টমস এর আওতায় নিবন্ধিত হাঁস-মুরগির খামার কর্তৃক যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি;

(৩৯) নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক উড়োজাহাজ আমদানি;

(৪০) H.S. Code 8713.90.00 এর আওতায় আমদানিকৃত Wheel chair.”।

২। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( আবু হেনা মোঃ রহমাতুল মুনিম )  
সিনিয়র সচিব